



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়, বগড়া।
ই-মেইলঃ bogra@cs.dghs.gov.bd

স্মারক নং: সিএস/বগ/স্বা/শিঃ/তামাকনিয়ন্ত্রণ/৭/২৫/৬৭৭

ডায়েরী নং	২৬	তারিখঃ	০৭/০৮/২৪
ডি. ডি. এল. জি.		পেশ কক্ষ	
অতিরিক্ত (সঃ)		অন্য পেশ কক্ষ	
অতিরিক্ত (সঃ)		সংশ্লিষ্টদের অবহিত কক্ষ	
অতিরিক্ত (শিঃ উঃ)		ব্যবস্থা নিন	
বিজ্ঞ অ. জে. মা.			
সহঃ কর্মীঃ (গোঃ)			
তারিখঃ	০৬.০৩.২০২৬		
কর্ম প্রঃ স্বাক্ষর			

ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে জেলা টাক্সফোর্স কমিটির প্রাথমিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ তৌফিকুর রহমান, জেলা প্রশাসক, বগড়া।
তারিখ : ২৩ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ/০৮ মার্চ, ২০২৬ খ্রিষ্টাব্দ, রবিবার, দুপুর: ১২:১০ ঘটিকা
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ (করতোয়া), বগড়া।
সভার উপস্থিতি : ১৯ জন (নথিতে সংরক্ষিত)।

ডকেট নং	৫/১৭২
তারিখঃ	০৮/০৮/২৪
কর্মকর্তা স্বাক্ষর	

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সম্মানিত জেলা প্রশাসক মহোদয়ের অনুরোধক্রমে কমিটির সদস্য সচিব ও সিভিল সার্জন অদ্যকার সভা আয়োজনের গুরুত্ব তুলে ধরে শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন। আলোচ্য বিষয়ঃ ধূমপান ও তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ, আইন সম্পর্কে সচেতনতা বৃদ্ধিতে পদক্ষেপ গ্রহণ ও তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে জনসাধারণকে সহযোগিতা বিষয়ে আলোচনা এবং বিবিধ।

জেলা প্রশাসক ও সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। এরপর উপস্থিত সকলে নিজ নিজ পরিচয় প্রদান করেন। অতপর সভাপতি সভার আলোচ্য বিষয়ের সাথে সংশ্লিষ্ট রেখে কী ধরনের পদক্ষেপ গ্রহণ করা যায় সে বিষয়ে মতামত প্রদানের জন্য উপস্থিত সকলকে আহ্বান জানান। সভায় উপস্থিত মাননীয় জাতীয় সংসদ সদস্য ৪০ বগড়া-৫ (শেরপুর-ধুনট) জনাব গোলাম মোহাম্মদ সিরাজ ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ আইন মহান জাতীয় সংসদে পাশ করার প্রেক্ষাপট তুলে ধরে বক্তব্য পেশ করেন। তিনি বলেন, ২০০৫ সনে তৎকালীন বিএনপি নেতৃত্বাধীন ৪ দলীয় জোট সরকার ক্ষমতায় থাকাকালীন জনস্বার্থের কথা বিবেচনায় রেখে এই আইনটি পাশ করা হয়। প্রতি বছর ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহারের কারণে সৃষ্ট অসুখের চিকিৎসা ব্যয় বাবদ অনেক অর্থ খরচ হয়ে থাকে মর্মে উল্লেখ করেন। ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণে সংশ্লিষ্ট সকলকে একযোগে কাজ করতে তিনি আহ্বান জানান। ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণে সভায় বিস্তারিত আলোচনা-পর্যালোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	অদ্যকার সভার সভাপতি জেলা প্রশাসক মহোদয় বলেন, ধূমপান নিরুৎসাহিত করতে প্রচারের উপর গুরুত্ব দিতে হবে। তিনি উল্লেখ করেন, যেহেতু অধিকাংশ নতুন ধূমপায়ী সৃষ্টি হয় স্কুল কলেজ পর্যায়ে তাই ধূমপানের ক্ষতিকর প্রভাব সম্পর্কে সচেতনতা বৃদ্ধিতে প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে ভিডিও প্রদর্শন করার উপর জোর তাল্পিদ দেন। এ প্রসঙ্গে সিভিল সার্জন মহোদয় বলেন, মাসের নির্দিষ্ট একদিন ধূমপান ও মাদক বিরোধী সচেতনতা বৃদ্ধিমূলক শ্রেণি শিক্ষক দ্বারা ক্লাস নেয়া যেতে পারে।	সিনিয়র তথ্য অফিসার জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও জেলা শিক্ষা অফিসারের নিকট প্রচারের নিমিত্তে এ সংক্রান্ত ডকুমেন্টারী সরবরাহ করবেন। শ্রেণি শিক্ষক দ্বারা উক্ত ক্লাস অনুষ্ঠান আয়োজনের জন্য জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়।	সিনিয়র তথ্য অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।
০২	অদ্যকার সভার সদস্য সচিব ও সিভিল সার্জন মহোদয় বলেন, প্রত্যেকটি সরকারি, আধা সরকারী, স্বায়ত্বশাসিত এবং বেসরকারী প্রতিষ্ঠানসমূহকে শতভাগ ধূমপানমুক্ত এলাকা বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণের অংশ হিসেবে "ধূমপান হইতে বিরত থাকুন-ইহা শাস্তিযোগ্য অপরাধ" লেখা সম্বলিত নো নোমো কিং সাইনেজ প্রত্যেকটি প্রতিষ্ঠানসমূহের প্রধানগণের নিজ দায়িত্বে এটি স্থাপন করতে হবে মর্মে আইনে উল্লেখ রয়েছে।	টাক্সফোর্স কমিটির সদস্যদের নিজস্ব ও তাদের আওতাধীন সকল প্রতিষ্ঠান ধূমপানমুক্ত রাখার ব্যবস্থা করবে। এ লক্ষ্যে টাক্সফোর্স কমিটির সদস্য ও তাদের আওতাধীন সকল প্রতিষ্ঠানের প্রবেশ ও বহির্গমন পথ ও অন্যান্য দৃশ্যমান স্থানে "ধূমপান হইতে বিরত থাকুন-ইহা শাস্তিযোগ্য অপরাধ" লেখা সম্বলিত নো নোমো কিং সাইনেজ/স্টীকার স্থাপন করবে	ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণে জেলা টাক্সফোর্স কমিটি, বগড়া।
০৩	তামাকজাত দ্রব্যাদির ব্যবহার নিয়ন্ত্রণের জন্য তামাক প্রাপ্তির উৎস বা তামাক চাষ বন্ধে সদাশয় সরকারের সংশ্লিষ্ট আইন প্রণয়নকারী কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণপূর্বক কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক বলেন, এ বিষয়ে প্রয়োজনে আইন প্রণয়ন করা যেতে পারে।	তামাক নিয়ন্ত্রণের জন্য তামাক প্রাপ্তির উৎস বা তামাক চাষ বন্ধে আইন প্রণয়ন করার জন্য মন্ত্রণালয়ে চিঠি দেয়া যেতে পারে।	জেলা প্রশাসন, সিভিল সার্জন অফিস, বগড়া।
০৪	সিভিল সার্জন অফিসের সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার বলেন, সংশ্লিষ্ট আইনের ধারা ৮ অনুযায়ী পাবলিক প্রেস ও পাবলিক পরিবহনে নো-নোমো কিং সাইনেজ স্থাপন বাধ্যতামূলক; আইন অমান্য কর্তৃপক্ষের ১,০০০/- অর্থদণ্ড বিধায় বগড়া জেলা	জেলা মটর মালিক গ্রুপ, মটর প্রমিক ইউনিয়ন, স্টেশন মাস্টার, বগড়া রেলওয়ে স্টেশন এবং তামাক নিয়ন্ত্রণ টাক্সফোর্স কমিটির সকল সদস্য	জেলা মটর মালিক গ্রুপ, মটর প্রমিক ইউনিয়ন, স্টেশন মাস্টার, বগড়া

	মটর মালিক ফ্রপ, মটর শ্রমিক ইউনিয়ন, স্টেশন মাস্টার-বগড়া রেলওয়ে স্টেশন এবং তামাক নিয়ন্ত্রণ টাক্সফোর্স কমিটির সকল সদস্য সংস্থাকে নিজ উদ্যোগে ও নিজ খরচে সাইনেজ ও সচেতনতা মূলক স্টিকার তৈরী পূর্বক ছাপনের নির্দেশনা দিতে অনুমোদন জানান।	সংস্থাকে নো-মোবাইল সাইনেজ স্টিকার তৈরী পূর্বক ছাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	রেলওয়ে স্টেশন এবং তামাক নিয়ন্ত্রণ টাক্সফোর্স কমিটির সকল সদস্য সংস্থা প্রধান।
০৫	ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ আইন সম্পর্কে সচেতনতা বৃদ্ধিতে মোবাইল কোর্ট পরিচালনা ও আইনের প্রয়োগ	ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ আইন সফল বাস্তবায়নে জেলা ও উপজেলা পর্যায়ে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা।	জেলা প্রশাসন বগড়া।
০৬	ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ মনিটরিং ও বাস্তবায়ন	পাবলিক প্রেস ও পাবলিক পরিবহনে আইন অনুযায়ী নো মোবাইল সাইনেজ/স্টিকার ছাপন রয়েছে কি না ও ধূমপান বিরোধী সকল প্রকার বিজ্ঞাপন অপসারণ এবং ধূমপান ও তামাক নিয়ন্ত্রণ আইন জনসাধারণ মনে চলছে কিনা তা মনিটরিং ও বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত রাখা।	জেলা টাক্সফোর্স কমিটির সকল সদস্য ও জেলা প্রশাসন, বগড়া।

বিবিধ আলোচ্যসূচিতে পৃথক কোন আলোচনা না থাকায়-সভাপতি তার সমাপনী বক্তব্যে ধূমপান ও তামাক নিয়ন্ত্রণে জেলা টাক্সফোর্স কমিটিকে আরও বেশী সক্রিয় হওয়ার আহবান জানান এবং কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের জন্য সদস্য সচিবসহ কমিটির সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি আরও বলেন, আগামী ২০৪০ সালের মধ্যে দেশ থেকে সম্পূর্ণরূপে তামাক নির্মূলের ঘোষণা রয়েছে তাই এ লক্ষ্য অর্জনে সকলকে স্ব স্ব ক্ষেত্রে যথারীতি আন্তরিক হয়ে কাজ করতে হবে।

পরিশেষে, সভাপতি সকলের সুস্বাস্থ্য কামনা করে সবাইকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ তোফিকুর রহমান)

জেলা প্রশাসক, বগড়া

ও
সভাপতি

জেলা ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাক্সফোর্স কমিটি, বগড়া।

স্মারক নং-সিএস/বগ/রাঃশিঃ/তামাকনিয়ন্ত্রণ/০৭/২৫/ ৩৩২/১৩

তারিখঃ ০৬.০৩.২০২৬খ্রি.

অনুলিপি সদস্য অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মহাপরিচালক, জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ১৪/২ তোপখানা রোড, ঢাকা ১০০০
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৩। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৪। জেলা প্রশাসক, বগড়া ও সভাপতি, জেলা তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাক্সফোর্স কমিটি, বগড়া।
- ৫। প্রশাসক, বগড়া পৌরসভা, বগড়া।
- ৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা.....(সবল)।
- ৭। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা(সবল)।
- ৮। সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার, সিভিল সার্জনের কার্যালয়, বগড়া।
- ৯। সভাপতি/সাধারণ সম্পাদক, মোটর মালিক ফ্রপ/মোটর শ্রমিক ইউনিয়ন/ট্রাক ও কাভার্ড ভ্যান মালিক ফ্রপ/শ্রমিক ইউনিয়ন, বগড়া।
- ১০। জনাব.....
- ১১। দপ্তর নথি।

সিভিল সার্জন, বগড়া

ও
সদস্য সচিব

জেলা ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাক্সফোর্স কমিটি, বগড়া।